

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৮৪

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ জুনুবী অবস্থায় ভোর করলে তার সিয়ামের বৈধতা প্রসঙ্গে বর্ণনা

ذَكَرُ إِبَاحَةِ صَوْمِ الْمَرْءِ إِذَا أَصْبَحَ وَهُوَ جُنُبٌ

আরবী

3484 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْجُنَيْدِ قَالَ: حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ قَالَ: حَدَّثَنَا بَكْرُ بْنُ مُضَرَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَبِي سَلَمَةَ: عَنْ عَائِشَةَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يُصْبِحُ جُنُبًا عَنْ طَرُوقَةٍ ثُمَّ يَصُومُ.

الراوي : عائشة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3484 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (2067): م.

قَالَ أَبُو حَاتِمٍ: عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ الرَّحْمَنِ - هَذَا - هُوَ ابْنُ مَعْمَرٍ بْنُ حَزْمٍ أَبُو طَوَالَةَ مِنْ أَهْلِ الْمَدِينَةِ ثِقَةٌ

বাংলা

৩৪৮৪. আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম স্ত্রী সংগম জনিত জুনুবী অবস্থায় ভোর করতেন। তারপর তিনি সিয়াম রাখতেন।”[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাল্লাহু বলেন, “আব্দুল্লাহ বিন আব্দুর রহমান হলেন মা‘মার বিন হাযম আবু তুয়ালার ছেলে। তিনি মদীনার অধিবাসী। একজন নির্ভরযোগ্য রাবী।”

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/২৮৯; মুসনাদ আহমাদ: ৬/৬৭; ইমাম শাফেঈ: ১/২৫৮; আবু দাউদ: ২৩৮৯; তাহাবী, শারহু মাআনিল আসার: ২/১০৬; সুনান বাইহাকী: ৪/২১৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২০৬৭)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92818>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন